

W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 08/ WBHRC/SMC/2019


Date: 18. 01. 2019


Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 18. 01. 2019, the news item is captioned 'কুকুর তাড়া করায় দুর্ঘটনা, মৃত পথচারী'

Commissioner, Kolkata Municipal Corporation is directed to enquire into the matter and to furnish a report by 28th February, 2019.



(Justice Girish Chandra Gupta)
Chairperson


(Napanajit Mukherjee)
Member


(M.S. Dwivedy)
Member

কুকুর তাড়া করায় দুর্ঘটনা, মৃত পথচারী

১২৩ (৪) নিজস্ব সংবাদদাতা ৩ ০৬)

মধ্যরাতে কেটারিংয়ের কাজ সেরে হেঁটে বাড়ি ফিরছিলেন তিন ব্যক্তি। অভিযোগ, শ্যামবাজারে ফুটপাথে শুয়ে থাকা কুকুরদের তাড়া খেয়ে তড়িৎঝড়ি রাস্তায় নেমে পড়েন তাঁরা। সে সময়েই একটি ট্রাক তাঁদের ধাক্কা মেরে পালিয়ে যায়। বুধবার রাতের এই ঘটনার উত্তম দাস (৪০) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বাকি দু'জন বিশ্বনাথ ঘোষ এবং বাপি দলুই আহত হয়েছেন।

পুলিশ জানায়, এ দিন রাত সাড়ে ১২টা নাগাদ ভূপেন বসু অ্যাভিনিউয়ে একটি বেসরকারি ব্যাকের সামনে ওই তিন জনকে রক্তাক্ত অবস্থায় পাওয়া যায়। আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে উত্তমকে মৃত বলে ঘোষণা করা হয়। আহতেরা ওই হাসপাতালে চিকিৎসাধীন।

এ দিন আর জি করের মর্গের সামনে দাঁড়িয়ে উত্তমের জামাইবাবু অশোক দাস জানান, মৃতের বাড়ি



■ উত্তম দাস

কুমোরটুলি এলাকায়। বাড়িতে স্ত্রী ও দুই ছেলেমেয়ে আছেন। বাকি দু'জন যুবক কাশীপুর এলাকার বাসিন্দা। তাঁরা তিন জনেই একটি কেটারিং সংস্থার কর্মী। বুধবার শ্যামবাজার এলাকায় একটি অনুষ্ঠান বাড়িতে কাজ শেষে ফেরার পথে এই ঘটনা ঘটে। ওই ট্রাকচালকের বিরুদ্ধে অনিচ্ছাকৃত ভাবে মৃত্যু ঘটানোর অভিযোগে মামলা রুজু করা হয়েছে। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে ট্রাকটি চিহ্নিত করার চেষ্টা করছে পুলিশ।